# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 19-06-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) কড়া নিরাপত্তায় নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনে ভোট গ্রহণ শুরু হয়েছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত।

২) কেন্দ্রীয় সিন্দান্ত অনুযায়ী বিজেপি আগামীকাল পশ্চিমবঙ্গ দিবস পালনের জন্য রাজ্যের মানুষ ও বিশ্বের বাঙালিদের কাছে আবেদন জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এর তীব্র বিরোধিতা করে বলেছেন, রাজ্য দিবস কবে পালিত হবে, সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার একমাত্র সরকারেরই আছে।

৩) কলকাতা হাইকোর্ট পয়লা আগস্ট থেকে এরাজ্যে আবারও ১০০ দিনের কাজের প্রকল্প চালু করার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে। রাজ্য সরকার এই রায়কে স্বাগত জানিয়ে কেন্দ্রের কাছে সমস্ত বকেয়া অর্থ মিটিয়ে দেওয়ার দাবি জানিয়েছে।

৪) চাকরিতে সসম্মানে পুনর্বহাল এবং পরীক্ষা না দেওয়ার দাবিতে আজ রাজ্যের শিক্ষামন্ত্রীকে গণচিঠি দেবেন চাকরি হারানো শিক্ষকরা।

৫) শিয়ালদা – রানাঘাটের মধ্যে AC – EMU লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে পূর্ব রেল।

৬) নিম্নচাপের প্রভাবে আজও রাজ্যের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস।

oooooooooooooooooooooooo

কড়া নিরাপত্তায় নদীয়ার কালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপ নির্বাচনে ভোটগ্রহণ শুরু হয়েছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত। ভোটদাতার সংখ্যা ২ লক্ষ ৫২ হাজার ৬৭০। প্রত্যেক বুথে মোতায়েন রয়েছেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ান ।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অনুপম)

২৩-শে জুন ভোট গণনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি আগামীকাল, ২০শে জুন পশ্চিমবঙ্গ দিবস পালনের জন্য রাজ্যের মানুষ ও বিশ্বের বাঙালিদের কাছে আবেদন জানিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, বিজেপি পরিষদীয় দলের সদস্যরা শ্যামাপ্রসাদ মুখার্জির মূর্তির পাদদেশে দিনটি পালন করবে এবং আসানসোলেও এই উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

(বাইট-শুভেন্দু)

পাশাপাশি আগামী ১৬ই আগস্ট গ্রেট ক্যালকাটা কিলিং ডে পালন করারও আবেদন জানিয়েছেন বিরোধী দলনেতা।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ২০ জুন 'পশ্চিমবঙ্গ দিবস' পালনের কেন্দ্রীয় সিদ্ধান্তে আপত্তি জানিয়েছেন। নবান্নে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, রাজ্য দিবস কবে পালিত হবে, সেই সিদ্ধান্ত নেওয়ার অধিকার, একমাত্র রাজ্য সরকারেরই আছে।

পয়লা বৈশাখ বাংলা নববর্ষের প্রথম দিনটিকে রাজ্য দিবস হিসেবে গত দু'বছর ধরে পালন করা হচ্ছে। বাইরে থেকে চাপিয়ে দেওয়া সিদ্ধান্ত তারা মানবেন না।

(বাইট-মমতা)

জরুরি অবস্থার ৫০ বছর পূর্তি উপলক্ষে আগামী ২৫-শে জুন 'সংবিধান হত্যা দিবস' পালনের জন্য কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক মুখ্যসচিব মনোজ পন্থকে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী এর বিরোধিতা করে গতকাল বলেন, কেন্দ্র নিজেদের রাজনৈতিক কর্মসূচি জোর করে মানুষের উপর চাপিয়ে দিচ্ছে।

oooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট পয়লা আগস্ট থেকে এরাজ্যে আবারও ১০০ দিনের কাজের প্রকল্প চালু করার জন্য কেন্দ্রকে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি চৈতালী চ্যাটার্জী দাসের ডিভিশন বেঞ্চ গতকাল এই নির্দেশ দিয়ে বলেন, দুর্নীতি রোধে প্রয়োজনে কেন্দ্র যেকোনো শর্ত বা বিধি নিষেধ আরোপ করতে পারবে। এছাড়া এর আগে দুর্নীতির তদন্তে উদ্ধার হওয়া অর্থ আপাতত কেন্দ্রের কনসোলিডেটেড ফান্ডে রাখতে হবে। রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কেন্দ্রীয় কোনো পোর্টালের মাধ্যমে প্রাপকদের টাকা দেওয়ার ব্যবস্থা করার প্রস্তাব দিলে তাতে শিলমোহর দেয় আদালত। আগস্ট মাসেই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, প্রকৃত প্রাপকদের বঞ্চিত করার অভিযোগে কেন্দ্র, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম নিশ্চয়তা বা ১-শো দিনের রাজ্যের বরাদ্দ আটকে দেয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, এই প্রকল্পে এপর্যন্ত যে অর্থ বকেয়া রয়েছে তা মিটিয়ে দেওয়ার দাবিতে তারা কলকাতা হাইকোর্টের কাছে রায় পুনর্বিবেচনার আর্জি জানাবেন।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, আদালতের এই রায়েই প্রমানিত রাজ্য সরকার ১০০ দিনের কাজে দুর্নীতি করেছে।

(বাইট-সুকান্ত)

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় হাইকোর্টের নির্দেশকে স্বাগত জানিয়ে বলেছেন, দরিদ্র মানুষদের স্বার্থে এই রায় যথাযথ এবং ন্যায়সঙ্গত।

পশ্চিমবঙ্গ ক্ষেতমজুর সমিতি এক বিবৃতিতে জানিয়েছেন, এই রায়ে গ্রামীণ শ্রমিকদের অধিকারের জয় হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের বিরুদ্ধে একতরফাভাবে ধর্মের ভিত্তিতে ওবিসি সংরক্ষনের অভিযোগে বিজেপি গতকাল সল্টলেকে ধর্ণা অবস্থান করে। করুণাময়ী থেকে মিছিল করে বিজেপি কর্মী সমর্থকরা বিধাননগরে ইন্দিরা ভবনের কাছে আসেন। শাসকদল বিভাজনের রাজনীতি করছে বলে ধর্ণা মঞ্চ থেকে অভিযোগ করেন বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। মন্ডল কমিশনের সুপারিশ মেনে ওবিসি সংরক্ষণের দাবিতে এদিন বিজেপির পক্ষ থেকে ৫ জনের একটি প্রতিনিধি দল বিধাননগরে ওবিসি ভবনে একটি স্মারকলিপি জমা দেন।

এদিকে, আদালতের নির্দেশ মেনেই ওবিসি তালিকা তৈরি করা হয়েছিলো বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। নবান্নে গতকাল সাংবাদিক বৈঠকে তিনি বলেন, ওবিসি কর্পোরেশনের তত্ত্বাবধানে সম্পূর্ণ প্রক্রিয়া হয়েছে। সিপিআইএম এবং বিজেপি ওবিসি সংরক্ষণ চায় না বলে এদিন ফের অভিযোগ করেন মুখ্যমন্ত্রী।

আগেই জানানো হয়েছে রাজ্য সরকার, তাদের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর কলকাতা হাইকোর্টের অন্তর্বর্তী স্থগিতাদেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে

যাচ্ছে। রাজ্যের দাবি, এই তালিকার ওপর স্থগিতাদেশের ফলে কলেজগুলিতে ভর্তি প্রক্রিয়া ব্যাহত হবে। একইসঙ্গে সুপ্রিম কোর্টের নির্দেশে SSC-র নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করাও সম্ভব হবে না।

ooooooooooooooooooooooo

আন্তর্জাতিক যোগ দিবস নিয়ে বিশেষ আলোচনা শুনবেন আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH পরিষেবায় । স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থানের অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। যোগাভ্যাসে পদকজয়ী কয়েকজনের কথাও শোনা যাবে।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

oooooooooooooooooooooooooo

চাকরিতে সসম্মানে পুনর্বহাল এবং পরীক্ষা না দেওয়ার দাবিতে আজ শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে গণচিঠি দেবেন চাকরি হারানো শিক্ষকরা। গতকাল তাঁরা বিকাশ ভবনে চিঠি দিতে গেলে পুলিশ তাঁদের দফতরে ঢুকতে দেয়নি। এর প্রতিবাদে বিকাশ ভবনের সামনে বিক্ষোভ দেখায় যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। পরে পুলিশ তাঁদের জানায়, আজ শিক্ষক-শিক্ষিকারা চিঠি দিতে পারবেন বলে শিক্ষা দফতরের সচিব আশ্বাস দিয়েছেন।

সংগঠনের তরফে মেহবুব মন্ডল বলেন, কয়েক হাজার চাকরি হারানো শিক্ষকদের চিঠি নিয়ে আজ তাঁরা বিকাশ ভবনে যাবেন।

এদিকে, ২২ লক্ষ ওএমআর শিটের মিরর ইমেজ প্রকাশের দাবি তুলে বিধানসভার জরুরি অধিবেশন আহ্বানের জন্য এসএসসির চাকরিহারা শিক্ষকদের একাংশ রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে গতকাল দেখা করেন। আলোচনার পর প্রতিনিধি দলের নেতা সুমন বিশ্বাস বলেন, অধ্যক্ষ তাঁদের বক্তব্য সহানুভূতির সঙ্গে শুনেছেন।

ooooooooooooooooooooooooooooo

চাকরি ফেরানোর দাবিতে আন্দোলনে সব রাজনৈতিক দলের ছাত্র সংগঠনকে পাশে দাঁড়ানোর আবেদন জানিয়েছেন চাকরিহারা শিক্ষকরা। বিকাশ ভবনের কাছে অবস্থান মঞ্চে গতকাল এক সভায়, রিভিউ পিটিশনের রায় যতদিন না হচ্ছে, ততদিন নিয়োগ পরীক্ষায় আবেদনের সময় পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন, যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল।

চাকরিতে সসম্মানে পুনর্বহালের দাবিতে ওই অবস্থান মঞ্চে শিক্ষক-শিক্ষিকাদের অনশন আজ তৃতীয় দিনে পড়ল। সোমবার রাত থেকে অনশন শুরু করেন পাঁচ শিক্ষক-শিক্ষিকা। এক দৃষ্টিহীন শিক্ষকও অনশনে বসেছেন।

ooooooooooooooooooooooooooo

শিয়ালদা - রানাঘাটের মধ্যে AC EMU লোকাল চালানোর সিদ্ধান্ত নিয়েছে রেল। পূর্ব রেলের প্রিন্সিপাল চিফ কমার্শিয়াল ম্যানেজার ডক্টর উদয় শঙ্কর ঝা জানিয়েছেন, যাত্রীদের সুবিধার কথা বিবেচনা করে ভাড়া সকলের সাধ্যের মধ্যে রাখা হয়েছে। ১০ কিলোমিটার পর্যন্ত ২৯ টাকা এবং ১১ থেকে ১৫ কিলোমিটার দূরত্বের জন্য ৩৭ টাকা

ভাড়া ধার্য হয়েছে। ১০ কিলোমিটারের জন্য একমাসের সিজন টিকিটের খরচ পড়বে ৫৯০ টাকা। আর ১১ থেকে ১৫ কিলোমিটারের জন্য সিজন টিকিটের দাম ৭৮০ টাকা।

উল্লেখ্য, চেন্নাই এর ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি থেকে একটি AC রেক ইতমধ্যেই শিয়ালদা ডিভিশনের কাছে এসে পৌঁছেছে। আরেকটি রেক খুব শীঘ্রই আসবে বলে পূর্ব রেল সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার পাত্রসায়রের বলরামপুর গ্রামে এক নাবালিকাকে ধর্ষণ করে খুনের অভিযোগ উঠেছে প্রতিবেশী যুবকের বিরুদ্ধে। গণধোলাইয়ে মৃত্যু হয়েছে অভিযুক্তেরও। স্থানীয়দের অভিযোগ, ৯ বছরের ওই মেয়েটিকে ধর্ষণ এবং শ্বাসরোধ করে খুনের পর মাটিতে পুঁতে ফেলার চেষ্টা করে ওই যুবক। বিষয়টি জানাজানি হতেই উত্তেজিত জনতা তাকে মারধর করে। পুলিশ এসে তাকে উদ্ধার করে বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তার মৃত্যু হয়। এলাকায় বসানো হয়েছে পুলিশ পিকেট।

এদিকে, জলপাইগুড়ির বাসিন্দা এক স্কুল ছাত্রীকে অপহরন করে দিল্লি নিয়ে গিয়ে ধর্ষনের অপরাধে এক ব্যক্তিকে কুড়ি বছরের কারাদন্ড এবং ৫০ হাজার টাকা জরিমানা করেছে বিশেষ পকসো আদালত। সেই সঙ্গে নির্যাতিতার পরিবারকে পাঁচ লক্ষ টাকা আর্থিক সাহায্যের জন্য ডিস্ট্রিক্ট লিগাল সার্ভিস অথরিটিকে নির্দেশ দিয়েছেন বিচারক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিম্নচাপের প্রভাবে আজও রাজ্যের বিভিন্ন জেলায় ভারি থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজও পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় রয়েছে লাল সতর্কতা । এছাড়া পূর্ব বর্ধমান, পূর্ব

মেদিনীপুর, বীরভূম এবং দক্ষিণ 24 পরগনা জেলাতেও মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা। এদিকে গত দুদিনের বৃষ্টিতে কলকাতা সহ রাজ্যের সব জেলাতেই কমেছে তাপমাত্রার পারদ। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ ডিগ্রী সেলসিয়াস , স্বাভাবিকের চেয়ে যা চার ডিগ্রী কম।

অন্যদিকে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি , আলিপুরদুয়ার ও উত্তর দিনাজপুর জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ভারী থেকে অতিভারী বৃষ্টি এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে আলিপুর আবহা ওয়া দপ্তর জানিয়েছে।

দক্ষিণ ২৪ পরগনা জেলার বিভিন্ন প্রান্তে আজও ভোর রাত থেকে টানা বৃষ্টি হচ্ছে। গভীর সমুদ্রে মৎস্য শিকারের ক্ষেত্রে জারি করা হয়েছে লাল সর্তকতা। আজও মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। এই মুহূর্তে জেলার নামখানা, কাকদ্বীপ, ফ্রেজারগঞ্জ, পাথরপ্রতিমা সহ বিভিন্ন ঘাটে ভিড় করে রয়েছে মৎস্যজীবী ট্রলার গুলি। মৎস্যজীবীদের সতর্ক করতে সুন্দরবনের উপকূল থানাগুলির তরফে চলছে মাইকিং।

একটানা বৃষ্টিতে বাঁকুড়া – ঝাড়গ্রাম রাজ্য সড়কের ওপর সিমলাপালের নদীর সেতু জলমগ্ন হয়ে পড়ায় বিচ্ছিন্ন হয়ে পড়েছে যোগাযোগ ব্যবস্থা। বহু কৃষিজমি জলের তলায়।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo